

এবার পদত্যাগ করলেন বুয়েটের উপাচার্য

নিজস্ব
প্রতিবেদক

১৮ আগস্ট,
২০২৪ ১৬:০৫

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) উপাচার্য অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদার পদত্যাগ করেছেন। মাত্র দেড় মাস আগে দ্বিতীয় মেয়াদে উপাচার্য পদে নিয়োগ পেয়েছিলেন তিনি।

আজ রবিবার (১৮ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের আচার্য ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব বরাবর পদত্যাগপত্র জমা দেন।

পদত্যাগের কারণ হিসেবে অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদার ব্যক্তিগত সমস্যার কথা উল্লেখ করেছেন।

টানা দুই মেয়াদে অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদার বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) উপাচার্যের দায়িত্ব পালন করেছেন। সর্বশেষ গত ৩ জুলাই দ্বিতীয় মেয়াদে তিনি উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছিলেন।

এর আগে ২০২০ সালের ২৫ জুন অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদার বুয়েটের উপাচার্য পদে নিয়োগ পান। সাবেক রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের তৎকালীন আচার্য মো. আবদুল হামিদ তাকে চার বছরের জন্য এই পদে নিয়োগ দেন।

গত ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের পর থেকে দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্যরা (ভিসি) পদত্যাগ করেছেন। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের দাবির মুখে স্বায়ত্তশাসিত চার বিশ্ববিদ্যালয়সহ অন্তত ২০টি পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্য (ভিসি) পদত্যাগ করেছেন।

স্বায়ত্তশাসিত চার বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা হলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এ এস এম মাকসুদ কামাল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আবু তাহের, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. নূরুল আলম ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গোলাম সাব্বির সান্তার।